রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ফেব্রুয়ারি ১৬, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৫৪-আইন/২০২৬।**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ৬৮ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ধারা ৯ এর উপ-ধারা (১) এর দফা (গ), ধারা ৯ এর উপ-ধারা (২) এর দফা (গ), ধারা ১০ এর উপ-ধারা (১) এর দফা (চ) এবং ধারা ৬৮ এর উপ-ধারা (২) এর দফা (ঙ) এর সহিত পঠিতব্য, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা জৈব নমুনায় মাদকদ্রব্য শনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট) বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:—

(ক) সরকারি চাকরি আইন, ২০১৮ অনুযায়ী সরকারি কর্মচারী; এবং

(খ) অধিযাচনকারী কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে, প্রযোজ্য ক্ষেত্রে, বাংলাদেশে অবস্থানরত সকল দেশি-বিদেশি নাগরিক।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"অধিদপ্তর"** অর্থ আইনের ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর;



**মূল্য :** টাকা ২৪.০০

(খ) **"অধিযাচনকারী"** অর্থ বিধি ৭ এ উল্লিখিত কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষ;

(গ) **"আইন'** অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন);

(ঘ) "**আন্তর্জাতিক স্বীকৃত পদ্ধতি"** অর্থ United Nations Office on Drugs and Crime (UNODC) Guidelines, European Guidelines, US Guidelines অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত মাদক শনাক্তকরণের যেকোনো পদ্ধতি;

(ঙ) **"উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠান"** অর্থ বাংলাদেশের প্রচলিত উচ্চ মাধ্যমিক অথবা সমমান পরবর্তী ডিগ্রি প্রদানকারী সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান;

(চ) **"চিকিৎসক"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১২)-তে সংজ্ঞায়িত চিকিৎসক;

(ছ) **"জৈব নমুনা"** অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, ডোপ টেস্টের জন্য মানবদেহের জৈবিক নমুনা, যেমন-মূত্র, রক্ত, চুল, নখ, নিঃশ্বাস (exhale), অথবা মানবদেহের যেকোনো অঙ্গ (organ) বা অঙ্গের অংশবিশেষ (parts of organ) বা দেহ-তরল (body fluid);

(জ) **"জৈব নমুনায় মাদকদ্রব্য শনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট)"** অর্থ জৈব নমুনার বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে মাদকদ্রব্য অথবা মাদকদ্রব্যের বিপাকীয় উৎপাদ (metabolite) এর উপস্থিতি (সেবন, প্রয়োগ ও ব্যবহার) অথবা অনুপস্থিতি নির্ণয়;

(ঝ) **"টেকনিক্যাল কমিটি"** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত ডোপ টেস্ট টেকনিক্যাল কমিটি;

(ঞ) "**নিশ্চিতকরণ পরীক্ষা (confirmatory test)**" অর্থ জৈব নমুনার স্ক্রিনিং পরীক্ষার পর নমুনায় মাদকদ্রব্যের বা উহাদের বিপাকীয় উপাদানের উপস্থিতি সুনির্দিষ্টভাবে শনাক্ত করা অর্থাৎ নমুনার প্রাথমিক পরীক্ষা বা স্ক্রিনিং পরীক্ষায় প্রাপ্ত ফলাফলকে চূড়ান্তভাবে প্রমাণ করা বা অনুমোদন দেওয়া;

(ট) **"নেগেটিভ (negative)**" অর্থ মানবদেহের জৈবিক নমুনা পরীক্ষা করিয়া মাদকদ্রব্য অথবা মাদকদ্রব্যের বিপাকীয় উৎপাদ (Metabolite) এর অনুপস্থিতি;

(ঠ) **"পজিটিভ (positive)**" অর্থ মানবদেহের জৈবিক নমুনা পরীক্ষা করিয়া মাদকদ্রব্য অথবা মাদকদ্রব্যের বিপাকীয় উৎপাদ (Metabolite) এর উপস্থিতি;

(ড) **"ফলস নেগেটিভ (false negative)**" অর্থ জৈব নমুনা প্রদানকারী ব্যক্তি নির্দিষ্ট কোনো মাদকদ্রব্যের হাফ-লাইফে পৌঁছানোর পূর্বে উক্ত মাদকদ্রব্য গ্রহণ করা সত্ত্বেও উক্ত জৈব নমুনায় মাদকদ্রব্য অথবা মাদকদ্রব্যের বিপাকীয় উৎপাদ (metabolite) এর ঘনত্ব বা মাত্রা পরীক্ষাগারের নির্ধারিত মাত্রার নিম্নে থাকা;

(ঢ) **"ফলস পজিটিভ (false positive)"** অর্থ চিকিৎসক কর্তৃক প্রদত্ত ব্যবস্থাপত্রে উল্লিখিত নিম্নবর্ণিত কোনো মাদক বা ঔষধের কারণে জৈব নমুনা প্রদানকারী ব্যক্তি মাদকদ্রব্য বা ঔষধ গ্রহণ না করা সত্ত্বেও পরীক্ষণের সময় মাদকদ্রব্য অথবা মাদকদ্রব্যের বিপাকীয় উৎপাদ (Metabolite) এর উপস্থিতি দেখানো, যথা:-

(অ) তফসিলে বর্ণিত কোনো মাদকদ্রব্য বা ঔষধ; অথবা

(আ) টেকনিক্যাল কমিটি কর্তৃক, সময় সময়, সুপারিশকৃত মাদকদ্রব্য বা ঔষধ;

(ণ) **"ফরম"** অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(ত) **"মহাপরিচালক"** অর্থ অধিদপ্তরের মহাপরিচালক;

(থ) **"মাদকদ্রব্য"** অর্থ আইনের ধারা ২ এর দফা (২৯) এ সংজ্ঞায়িত মাদকদ্রব্য;

(দ) **"মাদকাসক্ত"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৩১) এ সংজ্ঞায়িত মাদকাসক্ত;

(ধ) **"ল্যাবরেটরি বা ল্যাব"** অর্থ ডোপ টেস্টের জন্য সরকার কর্তৃক স্থাপিত বা নির্ধারিত পরীক্ষাগার (laboratory);

(ন) **"স্ক্রিনিং পরীক্ষা (screening test)"** অর্থ জৈব নমুনায় মাদকদ্রব্যের উপস্থিতি শনাক্তকরণের জন্য বৈজ্ঞানিক পদ্ধতিতে নমুনা বিশ্লেষণ করিয়া প্রাথমিক পর্যায়ে নমুনায় মাদকদ্রব্যের উপস্থিতির পরীক্ষা পদ্ধতি।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেসকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে ব্যবহৃত হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## কমিটি, কার্যপরিধি, ইত্যাদি

৩। **টেকনিক্যাল কমিটি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ডোপ টেস্ট টেকনিক্যাল কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত মাদক অনুবিভাগের অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(গ) চেয়ারম্যান, প্রাণ রসায়ন বিভাগ, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় অথবা তদ্‌কর্তৃক মনোনীত উক্ত বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পদমর্যাদার একজন প্রতিনিধি;

(ঘ) ডিআইজি (ফরেনসিক), সিআইডি, বাংলাদেশ পুলিশ;

(ঙ) পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন এন্ড রেফারেল সেন্টার;

(চ) পরিচালক, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট;

(ছ) চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর;

(জ) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর;

(ঝ) পরিচালক, চিকিৎসা ও পুনর্বাসন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) টেকনিক্যাল কমিটি, প্রয়োজনে, যেকোনো সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৪। **টেকনিক্যাল কমিটির সভা, ইত্যাদি।**—(১) টেকনিক্যাল কমিটির সভা প্রতি ৬ (ছয়) মাসে অন্যূন একবার অনুষ্ঠিত হইবে।

(২) টেকনিক্যাল কমিটির সভাপতি কর্তৃক সভার তারিখ, সময় ও স্থান নির্ধারিত হইবে।

(৩) টেকনিক্যাল কমিটির সভাপতি সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে তদ্‌কর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) সভার কোরামের জন্য বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (খ) হতে (চ)-তে উল্লিখিত ৫ (পাঁচ) জন সদস্যের মধ্যে অন্যূন ২ (দুই) জনসহ মোট অন্যূন ৪ (চার) জন সদস্য উপস্থিত থাকিতে হইবে, তবে মুলতুবি সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হইবে না।

(৫) টেকনিক্যাল কমিটির সভায় সভাপতিসহ উপস্থিত প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে প্রদত্ত ভোটের সমতার ক্ষেত্রে, সভার সভাপতির একটি নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

৫। **টেকনিক্যাল কমিটির কার্যপরিধি।**—টেকনিক্যাল কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ডোপ টেস্টের নিমিত্ত স্ক্রিনিং পরীক্ষা ও নিশ্চিতকরণ পরীক্ষার জন্য আন্তর্জাতিক স্বীকৃত পদ্ধতিসমূহ পর্যালোচনাপূর্বক পদ্ধতি নির্ধারণ;

(খ) ল্যাবরেটরির মান, প্রক্রিয়া, কাট অব ভ্যালু, পরীক্ষা পদ্ধতির মানদণ্ড নির্ধারণ, পরীক্ষা পদ্ধতির তত্ত্বাবধান, পরিবীক্ষণ;

(গ) ফি নির্ধারণের সুপারিশ;

(ঘ) গৃহীত টেস্ট ফি'র অর্থ সরকার কর্তৃক প্রচলিত বিধি-বিধান অনুযায়ী সরকারি কোষাগার ও ডোপ টেস্ট সংশ্লিষ্ট কর্মচারীদের মধ্যে বণ্টনের সুপারিশ;

(ঙ) ডোপ টেস্টের জন্য নূতন কোনো ক্ষেত্র নির্ধারণের নিমিত্ত সরকারের নিকট সুপারিশ; এবং

(চ) এই বিধিমালায় বর্ণিত হয় নাই ডোপ টেস্ট সংক্রান্ত এইরূপ কোনো টেকনিক্যাল বিষয়ে প্রশ্ন উত্থাপিত হইলে সিদ্ধান্ত প্রদান।

৬। **ডোপ টেস্টের জন্য প্রযোজ্য ক্ষেত্র।**—বিধি ৭ এর বিধান সাপেক্ষে ডোপ টেস্টের জন্য প্রযোজ্য ক্ষেত্রসমূহ হইবে নিম্নরূপ, যথা:—

(ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্থানীয় সরকার এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের চাকরিতে নবনিয়োগের ক্ষেত্রে;

(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্থানীয় সরকার এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহে চাকরিরত অবস্থায় কাহারও বিরুদ্ধে প্রাথমিকভাবে মাদক গ্রহণ করিয়াছেন মর্মে সন্দেহ হইলে;

(গ) গাড়ি ও অন্যান্য যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে;

(ঘ) কর্মরত অবস্থায় গাড়ি চালকদের বিরুদ্ধে মাদক গ্রহণ করিয়াছেন মর্মে সন্দেহ হইলে;

(ঙ) উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে কাহারো বিরুদ্ধে প্রাথমিকভাবে মাদকদ্রব্য গ্রহণ করিয়াছে মর্মে সন্দেহ হইলে;

(চ) বিদেশ গমনে ইচ্ছুক কর্মীদের ক্ষেত্রে কেহ মাদকাসক্ত কি না তাহা যাচাইয়ের ক্ষেত্রে;

(ছ) আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে;

(জ) স্থলযান, নৌযান ও আকাশযান চালনার লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে;

(ঝ) চিকিৎসক কর্তৃক চিকিৎসার প্রয়োজনে; এবং

(ঞ) টেকনিক্যাল কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে সরকার কর্তৃক নির্বাহী আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোনো ক্ষেত্রে।

**ব্যাখ্যা।**—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, **"অভিভাবক"** অর্থ—

(অ) মাদকাসক্ত ব্যক্তি অবিবাহিত হইলে তাহার পিতা বা মাতা অথবা তাহাদের অবর্তমানে রক্ত সম্পর্কীয় ভাই বা বোন;

(আ) মাদকাসক্ত ব্যক্তি বিবাহিত হইলে স্বামী, বা ক্ষেত্রমত, স্ত্রী অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, পিতা বা মাতা অথবা সাবালক সন্তান; এবং

(ই) উপ-দফা (অ) বা (আ)-তে উল্লিখিত ব্যক্তিগণের অবর্তমানে কোনো নিকটাত্মীয়ের আবেদনের পরিপ্রেক্ষিতে উপযুক্ত আদালত কর্তৃক অনুমোদিত কোনো ব্যক্তি।

৭। **ডোপ টেস্ট করিবার জন্য অধিযাচনকারী।**—ডোপ টেস্টের প্রয়োজনীয়তা অনুধাবন করিলে নিম্নবর্ণিত অধিযাচনকারী ফরম-১ এর মাধ্যমে অধিযাচন প্রেরণ করিবেন, যথা:—

(ক) মহাপরিচালক বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা;

(খ) বিজ্ঞ আদালত;

(গ) চিকিৎসার প্রয়োজনে সংশ্লিষ্ট চিকিৎসক এবং চিকিৎসকের পরামর্শে সংশ্লিষ্ট অভিভাবক;

(ঘ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্থানীয় সরকার এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহে চাকরিতে নব নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ;

(ঙ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, স্থানীয় সরকার এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহে চাকরিরত অবস্থায় কাহারও বিরুদ্ধে প্রাথমিকভাবে মাদক গ্রহণ করিয়াছেন মর্মে সন্দেহ হইলে সংশ্লিষ্ট নিয়োগকারী বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা আদালতের অনুমতিক্রমে তদন্তকারী কর্মকর্তা;

(চ) গাড়ি এবং অন্যান্য যানবাহন চালনার ড্রাইভিং লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ;

(ছ) গাড়ি চালনা অবস্থায় চালকের বিরুদ্ধে মাদক গ্রহণ করিয়াছেন মর্মে সন্দেহ হইলে, প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ, বাংলাদেশ পুলিশের অন্যূন ট্রাফিক সার্জেন্ট বা সমমর্যাদার কর্মকর্তা অথবা মহাপরিচালক বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা;

(জ) সংশ্লিষ্ট দেশের চাহিদাপত্র অনুযায়ী বিদেশ গমনে ইচ্ছুক ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ;

(ঝ) উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে কাহারো বিরুদ্ধে প্রাথমিকভাবে মাদক গ্রহণ করিয়াছে মর্মে সন্দেহ হইলে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান বা শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানের অনুরোধের প্রেক্ষিত মহাপরিচালক বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা; এবং

(ঞ) সরকারের নির্বাহী আদেশে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্তৃপক্ষ বা কর্মকর্তা।

## তৃতীয় অধ্যায়

## নমুনা সংগ্রহ পদ্ধতি, ইত্যাদি

৮। **জৈব নমুনা সরবরাহের বাধ্যবাধকতা।**—(১) বিধি ৭ অনুসারে যে ব্যক্তির ডোপ টেস্টের জন্য অধিযাচন প্রেরণ করা হয় তিনি জৈব নমুনা সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

(২) ডোপ টেস্টের জন্য সন্দিগ্ধ ব্যক্তির শরীরের জৈব নমুনা সতর্কতার সহিত সংগ্রহ করিয়া উহা ক্যাটালগিং পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে, যাহাতে পরবর্তীকালে তাহা ব্যবহার করা যায়।

(৩) মাদকাসক্তি নির্ধারণ পরীক্ষার ক্ষেত্রে কোনো অবস্থাতেই কোনো ব্যক্তির শরীরের জৈব নমুনা ভিন্ন ভিন্ন সময়ে গ্রহণ করা যাইবে না।

(৪) ফৌজদারি মামলাসহ সকল ক্ষেত্রে জৈব নমুনায় স্ক্রিনিং পরীক্ষার ফলাফল পজিটিভ হইলে প্রয়োজনীয় জৈব নমুনার অবশিষ্টাংশ প্রযোজ্য ক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন সংরক্ষণ করিতে হইবে।

(৫) জৈব নিরাপত্তা নিশ্চিতপূর্বক ৩০ (ত্রিশ) দিন পর চিকিৎসা-বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮ অনুসারে উক্ত জৈব নমুনা সংশ্লিষ্ট ল্যাব কর্তৃপক্ষ ধ্বংস করিতে পারিবে।

৯। **জৈব নমুনা হিসাবে মূত্র সংগ্রহের পদ্ধতি।**—জৈব নমুনা হিসাবে মূত্র সংগ্রহের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) আন্তর্জাতিকভাবে স্বীকৃত কন্টেইনারে জৈব নমুনা সংগ্রহ করিতে হইবে;

(খ) জৈব নমুনা সংগ্রহের পূর্বে হাত যথাযথভাবে পানি দিয়ে ধৌত করিতে হইবে;

(গ) জৈব নমুনা সংগ্রহের কন্টেইনারের মুখ যথাযথভাবে বন্ধ করিতে হইবে;

(ঘ) কন্টেইনারটি কোনোভাবেই টেম্পারড হইতে পারিবে না;

(ঙ) ডোপ টেস্টের জন্য প্রয়োজনীয় পরিমাণ মূত্র সংগ্রহ করিতে হইবে; এবং

(চ) নমুনা সংগ্রহের সময় ফরম-২ পূরণ করিতে হইবে।

১০। **জৈব নমুনা হিসাবে রক্ত সংগ্রহের পদ্ধতি।**—জৈব নমুনা হিসাবে রক্ত সংগ্রহের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) রক্ত সংগ্রহের পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে ২০ (বিশ) মিনিট বিশ্রাম গ্রহণ করিতে হইবে;

(খ) জৈব নমুনা হিসাবে ৫-১০ (পাঁচ হতে দশ) মিলিলিটার রক্ত সংগ্রহ করিতে হইবে;

(গ) যে স্থান হইতে রক্ত সংগ্রহ করা হইবে তাহা জীবাণুমুক্ত করিতে হইবে;

(ঘ) Vacutainer tube-এ রক্ত সংরক্ষণ করিতে হইবে ও প্রতিটি tube এ লেবেল লাগাইতে হইবে; এবং

(ঙ) নমুনা সংগ্রহের সময় ফরম-২ পূরণ করিতে হইবে।

১১। **জৈব নমুনা হিসাবে মুখগহ্বরের লালা (saliva) সংগ্রহের পদ্ধতি।**—জৈব নমুনা হিসাবে মুখগহ্বরের লালা সংগ্রহের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) নমুনা সংগ্রহের অন্যূন ৩০ (ত্রিশ) মিনিট পূর্ব হইতে নমুনা প্রদানকারীকে কোনো কিছু খাওয়া অথবা পান করা হইতে বিরত থাকিতে হইবে;

(খ) বিশেষায়িত বাক্কাল স্টিকের অগ্রপ্রান্ত মুখে প্রবেশ করাইয়া গালের দুই পার্শ্বে ৪-৮ (চার হইতে আট) বার যথাযথভাবে ঘুরাইতে হইবে; এবং

(গ) নমুনা সংগ্রহের সময় ফরম-২ পূরণ করিতে হইবে।

১২। **জৈব নমুনা হিসাবে চুল সংগ্রহের পদ্ধতি।**—জৈব নমুনা হিসাবে চুল সংগ্রহের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট ব্যক্তির মাথা বা দেহের ত্বকের ভিতরে গ্রথিত চুলের মধ্যে এক ইঞ্চি পরিমাণ করিয়া অন্যূন ১০ (দশ)টি চুল নমুনা হিসাবে সংগ্রহ করিয়া এতদুদ্দেশ্যে প্রস্তুতকৃত একটি পরিষ্কার কাগজে ভাঁজ করিয়া মুড়াইয়া রাখিতে হইবে;

(খ) সংগৃহীত জৈব নমুনা এতদুদ্দেশ্যে প্রস্তুতকৃত অপর একটি পরিষ্কার কাগজের খামে ঢুকাইয়া সিলগালা করিয়া পরীক্ষাগারে প্রেরণ বা গ্রহণ করিয়া সংরক্ষণ করিতে হইবে; এবং

(গ) নমুনা সংগ্রহের সময় ফরম-২ পূরণ করিতে হইবে।

১৩। **জৈব নমুনা হিসাবে নখ সংগ্রহের পদ্ধতি।**—জৈব নমুনা হিসাবে নখ সংগ্রহের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট ব্যক্তির দুই হাতের যেকোনো আঙুল হইতে একটি এবং ২ (দুই) পায়ের যেকোনো আঙুল হইতে একটি করিয়া মোট ২ (দুই)টি নখের অংশ সংগ্রহ করিতে হইবে;

(খ) সংগৃহীত নখ ব্লিচ করা বা পরিষ্কার করা বা ধৌত করা যাইবে না এবং সংগৃহীত নখ এতদুদ্দেশ্যে প্রস্তুতকৃত পরিষ্কার ও শুষ্ক কাগজ বা কাপড় দ্বারা আবৃত করিতে হইবে;

(গ) সংগৃহীত নখ এতদুদ্দেশ্যে প্রস্তুতকৃত অপর একটি পরিষ্কার কাগজের খামে সিলগালা করিয়া পরীক্ষাগারে প্রেরণ বা গ্রহণ করিয়া সংরক্ষণ করিতে হইবে; এবং

(ঘ) নমুনা সংগ্রহের সময় ফরম-২ পূরণ করিতে হইবে।

১৪। **ডোপ টেস্টের জন্য জৈব নমুনা প্রদানকারী ব্যক্তিকে চাহিদাপত্র প্রেরণ।**—অধিযাচনকারী ডোপ টেস্টের উদ্দেশ্যে জৈব নমুনা পরীক্ষার জন্য মহাপরিচালক অথবা তদ্‌কর্তৃক নির্ধারিত নিকটস্থ ডোপ টেস্ট ল্যাবরেটরিতে জৈব নমুনা প্রদানকারী ব্যক্তিকে চাহিদাপত্রসহ প্রেরণ করিবেন।

১৫। **জৈব নমুনা পরীক্ষণ পদ্ধতি।**—(১) প্রাথমিকভাবে তাৎক্ষণিক নমুনা সংগ্রহ করিয়া স্ক্রিনিং পরীক্ষা করা যাইবে এবং এইক্ষেত্রে Dope Testing Analizer বা UNODC বা International Organization for Standardization (ISO) স্বীকৃত Field Testing Kit বা Strip Kit ব্যবহার করা যাইবে।

(২) জৈব নমুনার স্ক্রিনিং পরীক্ষায় ফলাফল পজেটিভ হইলে আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতিতে একই নমুনার নিশ্চিতকরণ পরীক্ষা করিতে হইবে।

১৬। **জৈব নমুনার পরীক্ষণের ফলাফল, ইত্যাদি।**— (১) বিধি ১৫-তে বর্ণিত পদ্ধতিতে সম্পাদিত পরীক্ষায় সংশ্লিষ্ট ব্যক্তির নিশ্চিতকরণ পরীক্ষার ফলাফল পজিটিভ হইলে উক্ত ব্যক্তি মাদকদ্রব্য গ্রহণ করিয়াছেন মর্মে শনাক্ত করিয়া প্রতিবেদন (Report) প্রদান করা যাইবে।

(২) জৈব নমুনার স্ক্রিনিং পরীক্ষায় ফলাফলের প্রতিবেদন ফরম-৩ এবং নিশ্চিতকরণমূলক পরীক্ষার ফলাফলের প্রতিবেদন ফরম-৪ এ প্রদান করিতে হইবে।

(৩) জৈব নমুনা পরীক্ষায় ফলস পজেটিভ হইলে সংশ্লিষ্ট ব্যক্তিকে তফসিলে উল্লিখিত ঔষধ বা, টেকনিক্যাল কমিটি কর্তৃক, সময় সময়, সুপারিশকৃত ঔষধ গ্রহণের প্রমাণপত্র সংশ্লিষ্ট ল্যাবে উপস্থাপন করিতে হইবে।

(৪) কোনো ব্যক্তির জৈব নমুনায় মাদকদ্রব্যের উপস্থিতি টেকনিক্যাল কমিটি কর্তৃক নির্ধারিত কাট অব ভ্যালুর নিম্নে হইলে উহা ফলস নেগেটিভ হিসাবে গণ্য হইবে।

১৭। **জৈব নমুনার পরীক্ষণের ফলাফলের উপর ভিত্তি করিয়া চিকিৎসা গ্রহণ।**— বিধি ১৬ এর উপ-বিধি (১) অনুসারে শনাক্তকৃত ব্যক্তিকে স্বীয় ব্যয়ে বা পরিবারের ব্যয়ে চিকিৎসা করিবার জন্য অধিযাচনকারী কর্তৃক নিকটবর্তী সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, সরকার কর্তৃক অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালের মনোরোগবিদ্যা বিভাগ, বিশেষায়িত মানসিক হাসপাতাল, মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট অথবা বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মনোরোগবিদ্যা বিভাগ অথবা মানসিক হাসপাতাল, পাবনাতে প্রেরণ করা যাইবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চিকিৎসান্তোর এতদ্‌সংক্রান্ত প্রতিবেদন প্রদান করিবেন।

১৮। **প্রাথমিক নমুনা ব্যবহার করিয়া পুনঃপরীক্ষণ, ইত্যাদি।**— (১) এই বিধিমালার অধীন সম্পন্ন ডোপ টেস্টের ফলাফলের বিষয়ে সংক্ষুব্ধ হইলে সংশ্লিষ্ট ব্যক্তি বা তদ্‌কর্তৃক মনোনীত প্রতিনিধি ফলাফল ঘোষণার তারিখ হইতে ১৪ (চৌদ্দ) কার্যদিবসের মধ্যে ফলাফল ঘোষণাকারী কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পুনঃপরীক্ষণের জন্য আবেদন করিতে পারিবে।

(২) পুনঃপরীক্ষণের ক্ষেত্রে প্রাথমিক নমুনা ব্যবহার করিতে হইবে।

(৩) পুনঃপরীক্ষণের ক্ষেত্রে কর্তৃপক্ষের পরীক্ষণ ফলাফল চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৯। **ডোপ টেস্ট করিবার স্থান, প্রতিষ্ঠান নির্ধারণ ও উহার প্রতিবেদন।**— (১) আইনের ধারা ২৪ এর উপ-ধারা (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে, এবং এই বিধিমালার যথাযথ প্রয়োগ বা বাস্তবায়নের জন্য সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন এক বা একাধিক বিশেষায়িত ডোপ টেস্টিং ল্যাবরেটরি বা মোবাইল ল্যাবরেটরি স্থাপন করা যাইবে।

(২) সরকার টেকনিক্যাল কমিটির সুপারিশের ভিত্তিতে নির্বাহী আদেশ দ্বারা সরকারি খাতের বিশেষায়িত কোনো প্রতিষ্ঠানকে ডোপ টেস্ট করিবার স্থান বা প্রতিষ্ঠান হিসাবে নির্ধারণ করিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এ বর্ণিত প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানের ডোপ টেস্টের ফলাফল চিকিৎসা ব্যতীত অন্য কোনো কার্যে গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

(৪) টেকনিক্যাল কমিটি সরকার কর্তৃক অনুমোদিত যেকোনো প্রতিষ্ঠান বা স্থানে ডোপ টেস্ট করিবার জন্য সুপারিশ করিতে পারিবে।

(৫) এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, কোনো ব্যক্তির ডোপ টেস্ট করিবার প্রয়োজন অনুভূত হইলে উহা উপ-বিধি (১) বা (২) এর অধীন স্থাপিত বা নির্ধারিত ডোপ টেস্ট ল্যাবরেটরিতে প্রেরণ করিতে হইবে।

(৬) উপ-বিধি (১) ও (২) এ বর্ণিত প্রতিষ্ঠান বা ল্যাবের সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর স্বাক্ষরযুক্ত ডোপ টেস্টের প্রতিবেদন মামলা দায়ের, অপরাধের তদন্ত, অনুসন্ধান, বিচার অথবা অন্য কোনো প্রকার কার্যধারায় সাক্ষ্য হিসাবে ব্যবহার করা যাইবে।

(৭) এই বিধির অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, অন্য কোনো সরকারি সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিয়া বর্তমানে পরিচালিত ডোপ টেস্ট কার্যক্রম এই বিধিমালার দ্বারা বাধাগ্রস্ত হইবে না।

২০। **চিকিৎসা ক্ষেত্রে ডোপ টেস্ট।**—মাদকাসক্ত ব্যক্তির চিকিৎসা গ্রহণ শেষে পুনরায় ডোপ টেস্ট করিতে হইবে এবং ডোপ টেস্টের ফলাফল নেগেটিভ হইলে সংশ্লিষ্ট চিকিৎসকের চিকিৎসা প্রতিবেদনে প্রযোজ্য ক্ষেত্রে উহা উল্লেখ করিতে হইবে।

২১। **আদেশ পুনর্বিবেচনা।**—বিধি ৭ এর অধীন ডোপ টেস্ট করাইবার ক্ষেত্রে কোনো ব্যক্তির জন্য অধিযাচন প্রেরণ করা হইলে উক্ত ব্যক্তি অধিযাচন আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত আদেশ জারির তারিখ হইতে ১৪ (চৌদ্দ) কার্যদিবসের মধ্যে উক্ত আদেশ পুনর্বিবেচনার জন্য আদেশ প্রদানকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন, এবং এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২২। **দূষণ এড়াইবার নির্দেশনা।**—আইন এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে দূষণ পরিহারের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) জৈব নমুনা স্পর্শ করিতে হইলে সর্বদা এককালীন ব্যবহার উপযোগী মেডিক্যাল হ্যান্ড গ্লাভস ব্যবহার করিতে হইবে;

(খ) প্রতিবার একটি মাত্র জৈব নমুনা লইয়া কাজ করিতে হইবে এবং অন্য আরেকটি জৈব নমুনা লইয়া কাজ শুরু করিবার পূর্বে মেডিক্যাল হ্যান্ড গ্লাভস পরিবর্তন করিতে হইবে;

(গ) জৈব নমুনা পরীক্ষায় সঠিক ও সুনির্দিষ্ট তথ্য প্রাপ্তির লক্ষ্যে জৈব নমুনার নিকটবর্তী স্থানে কথোপকথন, হাঁচি বা কাশি পরিহার করিতে হইবে;

(ঘ) জৈব নমুনা সংগ্রহের সময় পানাহার বা ধূমপান বা অনুরূপ কোনো কাজ করা যাইবে না; এবং

(ঙ) জৈব নমুনা সংগ্রহের সময় নিজের ত্বক, মুখমন্ডল বা শরীরের অনাবৃত কোনো অংশ স্পর্শ করা যাইবে না।

## চতুর্থ অধ্যায়

## নমুনা মোড়কজাতকরণ, পরিবহণ ইত্যাদি

২৩। **জৈব নমুনা মোড়কজাতকরণ।**—(১) জৈব নমুনা আন্তর্জাতিকভাবে স্বীকৃত উপযুক্ত ব্যাগে মোড়কজাত করিতে হইবে।

(২) জৈব নমুনা সংগ্রহের পর উহা আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে।

(৩) প্রযোজ্য ক্ষেত্রে, জৈব নমুনা মোড়কজাত করিবার পর সংশ্লিষ্ট কাগজের খাম বা ব্যাগটির মুখ আঠা দিয়া বন্ধ করিয়া সংশ্লিষ্ট ডোপ টেস্ট ল্যাবরেটরি বা, প্রযোজ্য ক্ষেত্রে, হাসপাতালের সিলমোহরযুক্ত করিতে হইবে যাহাতে অন্য কাহারো দৃষ্টিগোচর না হয় বা উহার বৈশিষ্ট্যগত কোনো পরিবর্তন না হয়।

(৪) জৈব নমুনা সংগ্রহের পর, প্রযোজ্য ক্ষেত্রে, ডোপ টেস্টের উদ্দেশ্য, মামলার প্রকৃতি ও নম্বর অনুযায়ী পৃথক পৃথকভাবে লেবেলযুক্ত করিতে হইবে।

২৪। **জৈব নমুনা পরিবহণ।**—(১) প্রত্যেক জৈব নমুনার ক্ষেত্রে ডোপ টেস্ট ল্যাবরেটরি কর্তৃক সরবরাহকৃত বার কোড সংবলিত খাম বা হাতে লেখা স্টিকার ব্যবহার করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত নমুনা পরিবহণের জন্য এতদুদ্দেশ্যে প্রস্তুতকৃত অপর একটি প্যাকেটের মাধ্যমে প্রেরণ করিতে হইবে এবং উপরিস্থ দ্বিতীয় প্যাকেটের উপর লেবেল সংযুক্ত করিতে হইবে।

(৩) জৈব নমুনা সঠিকভাবে লেবেল লাগাইয়া আবদ্ধ করিতে হইবে এবং আবশ্যিকভাবে নিরাপত্তা সিল ব্যবহার করিতে হইবে।

(৪) মোড়কের উপর প্রযোজ্যতা অনুযায়ী মামলার নম্বর, জৈব নমুনার নাম, প্রকৃতি ও সংখ্যা এবং জৈব নমুনা প্রেরণের তারিখ উল্লেখ করিতে হইবে।

(৫) জৈব নমুনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত বা নির্দিষ্টকৃত ব্যক্তি অথবা, ক্ষেত্রমত, পুলিশের মাধ্যমে প্রেরণ করিতে হইবে।

২৫। **গুণগত মান নিশ্চিতকরণ।**—(১) জৈব নমুনার গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে জৈব নমুনা সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ ও তথ্য সংরক্ষণের গুণগতমান নিশ্চিত করিবার জন্য প্রত্যেক ডোপ টেস্ট ল্যাবরেটরিতে এই বিধিমালার বিধানাবলি অনুসরণ করিতে হইবে।

(২) জৈব নমুনা সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ ও তথ্য সংরক্ষণের জন্য ব্যবহৃত যন্ত্রপাতি, রি-এজেন্ট ও অন্যান্য সরঞ্জামাদি সংগ্রহ ও ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিতে হইবে।

২৬। **জৈব নমুনাসমূহে মাদকদ্রব্যের উপস্থিতি নির্ণয়ের জন্য স্ক্রিনিং পরীক্ষা।**—প্রত্যেক জৈব নমুনায় মাদকের উপস্থিতি নির্ণয় করিবার জন্য নমুনাসমূহের স্ক্রিনিং পরীক্ষার ব্যবস্থা করিতে হইবে।

২৭। **জৈব নমুনায় মাদকের পরিমাণ নির্ধারণে যন্ত্রপাতি।**—জৈব নমুনার চূড়ান্ত বিশ্লেষণ ও মাদকের পরিমাণ নির্ধারণের জন্য প্রয়োজনীয় আন্তর্জাতিক মানসম্পন্ন বৈজ্ঞানিক যন্ত্রপাতি ব্যবহার করিতে হইবে।

২৮। **জৈব নমুনা সংগ্রহের ক্ষেত্রে ব্যক্তিগত উপস্থিতি।**—(১) জৈব নমুনা সংগ্রহ ও শনাক্তকরণের ক্ষেত্রে জৈব নমুনা সংগ্রহকারী সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিবেন এবং যাহার নমুনা সংগ্রহ করা হইবে, তাহাকে অবশ্যই সংশ্লিষ্ট স্ক্রিনিং বা ডোপ টেস্ট সম্পাদনের জন্য টেকনিক্যাল কমিটির সুপারিশক্রমে যেকোনো স্থানে উপস্থিত করিতে হইবে।

(২) যে ব্যক্তির নমুনা সংগ্রহ করা হইতেছে তাহার ছবি ও আঙুলের ছাপ ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করিতে হইবে এবং ল্যাবে ছবি ও বৃদ্ধাঙ্গুলের ছাপ গ্রহণ ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থার সংস্থান রাখিতে হইবে।

২৯। **জৈব নমুনা সংগ্রহ, প্রেরণ ও বিশ্লেষণে গোপনীয়তা।**—(১) জৈব নমুনা সংগ্রহ বা প্রেরণের সময় কোনো অবস্থাতেই জৈব নমুনার সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট কোনো পক্ষ বা অন্য কোনো স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত বা এতৎসম্পর্কিত কোনো তথ্য প্রদান করা যাইবে না।

(২) জৈব নমুনা প্রেরণের সময় বহিঃস্থ মোড়কে আবশ্যিকভাবে স্মারক নম্বর উল্লেখ করিতে হইবে এবং অভ্যন্তরীণ মোড়কে নমুনা প্রদানকারী ব্যক্তির নাম ও ঠিকানা এবং জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট বা জন্ম নিবন্ধন নম্বর বা অন্য কোনো প্রচলিত পরিচিতিমূলক তথ্য ব্যবহার করিতে হইবে।

(৩) জৈব নমুনা প্রেরণকারী কর্তৃপক্ষ বা তদ্‌কর্তৃক মনোনীত ব্যক্তি ব্যতীত অন্য কাহাকেও জৈব নমুনা বিশ্লেষণের ফলাফল মৌখিক বা লিখিত আকারে অবহিত বা প্রদান করা যাইবে না।

## পঞ্চম অধ্যায়

## প্রবেশাধিকার, ডেটাবেজ সংরক্ষণ ইত্যাদি

৩০। **ডোপ টেস্ট ল্যাবরেটরিতে প্রবেশাধিকার সংরক্ষিত।**—(১) ডোপ টেস্ট ল্যাবরেটরিতে প্রবেশাধিকার সংরক্ষিত থাকিবে।

(২) ডোপ টেস্ট কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে ল্যাবরেটরিতে প্রবেশের অনুমতি প্রদান করা যাইবে না।

(৩) ল্যাবরেটরিতে প্রবেশ ও প্রস্থান নিয়ন্ত্রণের জন্য ডিজিটাল ও ম্যানুয়াল উভয় পদ্ধতিতে ল্যাবরেটরিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

(৪) ল্যাবরেটরিসমূহের বাহিরে, প্রবেশদ্বারে ও ভিতরে পর্যবেক্ষণের জন্য অন্ধকারে চিত্রধারণ ও দীর্ঘ সময় স্বয়ংক্রিয়ভাবে রেকর্ডিং করিবার ক্ষমতাসম্পন্ন সার্বক্ষণিক চলমান সিসি ক্যামেরা স্থাপন করিতে হইবে।

(৫) ল্যাবরেটরির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিদিন উপ-বিধি (৩) এ উল্লিখিত রেজিস্টার যাচাই করিবেন এবং উক্তরূপ যাচাইয়ের বিষয়টি সংশ্লিষ্ট রেজিস্টারে স্বাক্ষরসহ উল্লেখ করিতে হইবে।

৩১। **ডোপ টেস্ট ডেটাবেইজ সংরক্ষণ।**—(১) ল্যাবরেটরিতে সংগৃহীত নমুনাসমূহ বিশ্লেষণ পূর্ব ও পরবর্তী উভয় ক্ষেত্রে ডোপ টেস্টের ফলাফল ডোপ টেস্ট ডেটাবেইজে পৃথকভাবে ও যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে।

(২) ল্যাবরেটরিতে প্রেরিত জৈব নমুনা অথবা উক্ত ল্যাবরেটরিতে সরাসরি সংগৃহীত জৈব নমুনাসমূহের তথ্য এই বিধিমালায় বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক সংরক্ষণ করিতে হইবে।

(৩) ডেটাবেইজ সুরক্ষিত অবস্থায় রাখিতে হইবে এবং তথ্যসমূহ সংরক্ষণের ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা রাখিতে হইবে যাহাতে যান্ত্রিক ত্রুটি বা অন্য কোনো কারণে ক্ষতিগ্রস্ত হইলেও উক্ত বিকল্প ব্যবস্থা দ্বারা উহা পুনরুদ্ধার করা সম্ভব হয়।

(৪) তথ্যের গোপনীয়তা ও সংরক্ষণের বিষয়ে জৈব নমুনা সম্পর্কিত তথ্যসমূহ এবং বিশ্লেষণের সহিত সরাসরি সম্পর্কিত ব্যক্তিবর্গ প্রাথমিকভাবে এবং ডেটাবেইজ সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি সার্বিকভাবে দায়ী থাকিবেন।

৩২। **ডেটাবেইজে সংরক্ষিত প্রবেশাধিকার, তথ্য সরবরাহ ইত্যাদি।**—(১) আইন এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, ডোপ টেস্ট ল্যাবরেটরিতে সংরক্ষিত তথ্যসমূহে উক্ত ল্যাবরেটরিতে নমুনা সংগ্রহ ও বিশ্লেষণের সহিত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কাহারো প্রবেশাধিকার থাকিবে না।

(২) আদালতের আদেশ বা বিধি ৭ এ বর্ণিত অধিযাচনকারীর অনুরোধে কেবল উক্ত আদেশ বা অনুরোধপত্রে উল্লিখিত ব্যক্তির অনুকূলে সংশ্লিষ্ট তথ্য সরবরাহ করা যাইবে।

## ষষ্ঠ অধ্যায়

## ফি ও বিবিধ

৩৩। **দায়িত্বে অবহেলা।**—আইন বা এই বিধিমালার বিধান অনুযায়ী কোনো ব্যক্তি ডোপ টেস্টের জন্য জৈব নমুনা সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ, তথ্য সংরক্ষণ বা এতদ্‌সম্পর্কিত কোনো বিষয়ে তাহার উপর অর্পিত দায়িত্ব পালনে ব্যর্থ হইলে উক্ত দায়িত্বে অবহেলা বা অসদাচরণের দায়ে তাহার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৩৪। **ফি নির্ধারণ।**—টেকনিক্যাল কমিটির সুপারিশের ভিত্তিতে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ডোপ টেস্টের ফি নির্ধারণ করা যাইবে।

৩৫। **প্রশিক্ষণ ও প্রচার।**—(১) উপযুক্ত কর্তৃপক্ষ, বিচারক, পুলিশ, আইনজীবী, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মচারী, বিভিন্ন পর্যায় ও শ্রেণির শিক্ষা ও প্রশিক্ষণমূলক প্রতিষ্ঠানের কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থী, যানবাহন চালকসহ কর্তৃপক্ষের বিবেচনায় যাহাদের ডোপ টেস্টের বিষয়ে সচেতনতা সৃষ্টি করা প্রয়োজন তাহাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত ব্যবস্থা ছাড়াও উপযুক্ত কর্তৃপক্ষ ডোপ টেস্ট কার্যক্রমের বিষয়ে জনগণকে সচেতন করিবার লক্ষ্যে প্রচারণা ও আনুষঙ্গিক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৩৬। **শাস্তি।**—(১) ডোপ টেস্ট পজিটিভ হইবার পর বিধি ১৬ অনুযায়ী কোনো ব্যক্তি মাদকাসক্ত হিসাবে শনাক্ত হইলে অধিযাচনকারী বা প্রেরণকারী কর্তৃপক্ষ যেকোনো মাদকাসক্তি চিকিৎসা কেন্দ্রে স্বীয় অথবা পরিবারের ব্যয়ে মাদকাসক্তি চিকিৎসার জন্য প্রেরণ করিতে পারিবেন।

(২) যদি কোনো ব্যক্তি উপ-বিধি (১) এর অধীন চিকিৎসার জন্য নির্দেশিত হন কিন্তু চিকিৎসা গ্রহণ না করেন তাহা হইলে তাহার উক্ত কার্য আইনের ধারা ৪২ এর উপ-ধারা (১) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বলিয়া গণ্য হইবে।

(৩) বিধি ১৬ এর বিধান অনুযায়ী কোনো ব্যক্তি মাদকাসক্ত ঘোষিত হইলে যেকোনো সরকারি, আধা-সরকারি, স্থানীয় সরকার, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি উক্ত নিয়োগের জন্য অযোগ্য বলিয়া গণ্য হইবে।

(৪) বিধি ১৬ এর বিধান অনুযায়ী কোনো ব্যক্তি মাদকাসক্ত ঘোষিত হইলে যেকোনো সরকারি, আধা-সরকারি, স্থানীয় সরকার, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত কর্মচারীদের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী অসদাচরণ বলিয়া গণ্য হইবে।

৩৭। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**— (১) এই বিধিমালা প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল**

**[বিধি ২(১)(ঢ) ও ১৬(৩) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | ঔষধের নাম |
|---|---|
| ১। | ব্রোমফেনিরামাইন<br>(Brompheniramine) |
| ২। | বুপ্রোপিয়ন<br>(Bupropion) |
| ৩। | ক্লোরপ্রোমাজিন<br>(Chlorpromazine) |
| ৪। | ক্লোমিপ্রামিন<br>(Chlomipramine) |
| ৫। | ডেক্সট্রোমেথরফান<br>(Dextromethorphan) |
| ৬। | ডিফেনহাইড্রামাইন<br>(Difenhidramin) |
| ৭। | ডক্সিলামাইন<br>(Doxylamine) |
| ৮। | আইবুপ্রোফেন<br>(Ibuprofen) |
| ৯। | নেপ্রোক্সেন<br>(Neproxen) |
| ১০। | প্রোমেথাজিন<br>(Promethazine) |
| ১১। | কিউটিয়াইপিন<br>(Quetiapine) |
| ১২। | কুইনোলোনস (অফ্লক্সাসিন এবং গ্যাটিফ্লক্সাসিন)<br>(Quinolones) |
| ১৩। | রেনিটিডিন<br>(Renitidine) |
| ১৪। | সারট্রালাইন<br>(Sertraline) |
| ১৫। | থিওরিডাজিন<br>(Thioridazine) |
| ১৬। | ট্রাজোডোন<br>(Trazodone) |
| ১৭। | ভেনলাফ্যাক্সিন<br>(Venlafaxine) |
| ১৮। | ওভার দ্যা কাউন্টার নাসাল ইনহেলার<br>(Over the Counter Nasal Inhaler) |
| ১৯। | ভেরাপামিল<br>(Verapamil) |

**ফরম-১**
**[বিধি ৭ দ্রষ্টব্য]**

**ডোপ টেস্ট করিবার অধিযাচনপত্র**

বরাবর
মহাপরিচালক/মহাপরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ..................................
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর.......................................................................................
ডোপ টেস্ট ল্যাবরেটরির নাম ও ঠিকানা.........................................................................

জৈব নমুনায় মাদকদ্রব্য শনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট) বিধিমালা, ২০২৬ মোতাবেক আপনার/আপনার নিয়ন্ত্রণাধীন ডোপ টেস্ট ল্যাবরেটরিতে নিম্নবর্ণিত ব্যক্তি/ব্যক্তিগণের দেহের জৈবিক নমুনা পরীক্ষা করিয়া মাদকদ্রব্যের উপস্থিতি বা অনুপস্থিতি নির্ণয়পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হইলো।

| ক্রমিক নং | নাম ও পদবি | ঠিকানা ও মোবাইল নম্বর | জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন নম্বর/ পাসপোর্ট নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

তারিখ :

নাম ও স্বাক্ষর .........................
পদবি ................................
দপ্তরের নাম .........................
ঠিকানা..................................................
টেলিফোন/মোবাইল নম্বর..................
ই-মেইল ...............................................

**ডোপ টেস্টের জন্য নমুনা প্রদানকারীর তথ্য**

ডোপ টেস্ট ল্যাবরেটরির নাম ও ঠিকানা............................... ..............

১। নমুনা প্রদানকারীর নাম :..................................................

২। পিতার নাম : ...................................................

৩। মাতার নাম :...................................................... .

৪। স্বামী/স্ত্রীর নাম : ..................................................

৫। জন্ম তারিখ :......................................................

৬। জাতীয় পরিচয়পত্র নম্বর:..............................................

৭। বর্তমান ঠিকানা :.....................................................

৮। স্থায়ী ঠিকানা :.......................................................

৯। পেশা :.....................................................

১০। বয়স :........................................................

১১। লিঙ্গ :........................................................

১২। পদবি :..................................কর্মস্থল ও দপ্তর :.........

১৩। রক্তের গ্রুপ (ঐচ্ছিক): .........................................

১৪। নমুনার ধরন :..............................পরীক্ষার ধরন :............

১৫। নমুনা প্রদানের তারিখ:.................... সময়:.............................

১৬। প্রেরণকারী/প্রত্যাশী সংস্থার নাম :........................................

১৭। ডোপ টেস্টের কারণ :..................................................

১৮। ডোপ টেস্ট ফি-এর পরিমাণ :............................তারিখ : ...

১৯। নমুনা প্রদানকারী কোনো ঔষধ গ্রহণ করিয়াছেন কি না? ..........................

২০। ঔষধ গ্রহণ করিয়া থাকিলে সুনির্দিষ্টভাবে উহার কারণ :..........................

২১। ঔষধ গ্রহণ করিয়া থাকিলে উহার বিবরণ :.....................................

আবেদনকারী/নমুনা প্রদানকারীর স্বাক্ষর

মোবাইল নম্বর:

ই-মেইল আইডি:

**ফরম-২**

**[বিধি ৯(চ), ১০(ঙ), ১১(গ), ১২(গ) ও ১৩(ঘ) দ্রষ্টব্য]**

**জৈব নমুনা সংগ্রহ (ল্যাবের জন্য প্রযোজ্য)**

ডোপ টেস্ট ল্যাবরেটরির নাম ও ঠিকানা :...................... ......................

নমুনা চিহ্নিতকরণ কোড :....................... ল্যাবরেটরি কোড :.................

নমুনা গ্রহণের তারিখ:............................... সময়:........................

১। নমুনা প্রদানকারীর নাম :................................................

২। পিতার নাম : ......................................................

৩। মাতার নাম :......................................................

৪। স্বামী/স্ত্রীর নাম : ................................................

৫। জন্ম তারিখ :........................... বয়স:...........................

৬। জাতীয় পরিচয়পত্র নম্বর ............................................

৭। বর্তমান ঠিকানা :................................................

৮। স্থায়ী ঠিকানা :...................................................

৯। পেশা :....................................... ...................

১০। লিঙ্গ :....................................................

১১। পদবি :........................কর্মস্থল ও দপ্তর :........................

১২। রক্তের গ্রুপ (ঐচ্ছিক): ............................................

১৩। নমুনার ধরন :.............................. পরীক্ষার ধরন :...............

১৪। নমুনা প্রদানের তারিখ :...................... সময়:......................

১৫। প্রেরণকারী/প্রত্যাশী সংস্থার নাম :.......................................

১৬। ডোপ টেস্টের কারণ :...................................................

১৭। ডোপ টেস্ট ফি’র পরিমাণ :............ তারিখ :...........................

১৮। নমুনা প্রদানকারী কোনো ঔষধ গ্রহণ করিয়াছেন কি না? .......................

১৯। ঔষধ গ্রহণ করিয়া থাকিলে সুনির্দিষ্টভাবে উহার কারণ :.......................

২০। ঔষধ গ্রহণ করিয়া থাকিলে উহার বিবরণ :..............................

নমুনা প্রদানকারীর নাম: ........................

স্বাক্ষর......................

মোবাইল নম্বর:

ই-মেইল আইডি:

নমুনা গ্রহণকারীর নাম, স্বাক্ষর ও সিল

**ফরম-৩**

**[বিধি-১৬(২) দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর**

নং- তারিখ :

**ডোপ টেস্ট স্ক্রিনিং পরীক্ষা (Screening test) এর ফলাফল**

১। ডোপ টেস্ট ল্যাবরেটরির নাম ও ঠিকানা:. ........................................................

২। নমুনা চিহ্নিতকরণ কোড :............................... ল্যাবরেটরি কোড :......................

৩। নমুনা প্রদানকারীর আই.ডি. : .......................

৪। জৈব নমুনা সংগ্রহের তারিখ :.................................সময় :................................

৫। জৈব নমুনার ধরন: ▯ মূত্র ▯ রক্ত ▯ লালা ▯ অন্যান্য -----------------------------

৬। ডোপ টেস্ট সম্পাদনের তারিখ :.............................সময়: ----------------------------

৭। রিপোর্ট প্রদানের তারিখ :........................... .................................

৮। নমুনা প্রদানকারীর তথ্যাদি:

| | |
|---|---|
| (১) নমুনা প্রদানকারীর নাম : | |
| (২) পিতার নাম: | |
| (৩) মাতার নাম: | |
| (৪) জাতীয় পরিচয়পত্র নম্বর: | |
| (৫) বর্তমান ঠিকানা: | |
| (৬) স্থায়ী ঠিকানা : | |
| (৭) প্রেরণকারী/প্রত্যাশী সংস্থার নাম: | |
| (৮) মোবাইল নম্বর: | |
| (৯) ই-মেইল আইডি: | |

৯। স্ক্রিনিং ডোপ টেস্টের ফলাফল :

| মাদকদ্রব্যের নাম | ফলাফল | |
|---|---|---|
| (১) অপিওয়েডস (Opioids): | ▯ উপস্থিত | ▯ অনুপস্থিত |
| (২) মেথামফিটামিন (Methamphetamine): | ▯ উপস্থিত | ▯ অনুপস্থিত |
| (৩) ক্যানাবিনওয়েডস (Cannabinoids): | ▯ উপস্থিত | ▯ অনুপস্থিত |
| (৪) বেনজোডায়াজিপিন (Benzodiazepine): | ▯ উপস্থিত | ▯ অনুপস্থিত |
| (৫) অ্যালকোহল (Alcohol): | ▯ উপস্থিত | ▯ অনুপস্থিত |
| (৬) অন্যান্য (Others): | ▯ উপস্থিত | ▯ অনুপস্থিত |

এই পরীক্ষাগুলি সংগৃহীত জৈব নমুনায় কেবল নির্দিষ্ট সময়সীমার মধ্যে উপরে উল্লিখিত মাদকদ্রব্যের উপস্থিতি/অনুপস্থিতি চিহ্নিত করিবে মাত্র; নিশ্চিতকরণমূলক (Confirmatory) পরীক্ষার জন্য অবশ্যই বিশ্লেষণমূলক পদ্ধতি ব্যবহার করিতে হইবে।

প্রাণ রসায়নবিদ/মেডিক্যাল প্রাণ রসায়নবিদ/প্যাথোলজিস্ট/মেডিক্যাল অফিসার

নামসহ সিল, স্বাক্ষর ও তারিখ

ল্যাবরেটরি টেকনিশিয়ান/মেডিক্যাল টেকনোলজিস্ট/ সিনিয়র ল্যাবরেটরি টেকনিশিয়ান/সিনিয়র মেডিক্যাল টেকনোলজিস্ট

নামসহ সিল, স্বাক্ষর ও তারিখ

**ফরম-৪**

**[বিধি ১৬(২) দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর**

নং- তারিখ :

**ডোপ টেস্টের নিশ্চিতকরণমূলক পরীক্ষা (Confirmatory test)-এর ফলাফল**

১। ডোপ টেস্ট ল্যাবরেটরির নাম ও ঠিকানা:..........................................................

২। নমুনা চিহ্নিতকরণ কোড :............................... ল্যাবরেটরি কোড :......................

৩। নমুনা প্রদানকারীর আই.ডি : .......................................................

৪। জৈব নমুনা গ্রহণের তারিখ ও সময় :............................................

৫। জৈব নমুনার ধরন: ☐ মূত্র ☐ রক্ত ☐ লালা ☐ অন্যান্য ----------------------------

৬। জৈব নমুনায় মাদকদ্রব্য শনাক্তকরণ পরীক্ষা (ডোপ টেস্ট) সম্পাদনের তারিখ:............. সময় :...........

৭। রিপোর্ট প্রদানের তারিখ :...............................

৮। ডোপ টেস্টের জন্য ব্যবহৃত পদ্ধতি : .........................

৯। নমুনা প্রদানকারীর তথ্যাদি:

| | |
|---|---|
| (১) নমুনা প্রদানকারীর নাম : | |
| (২) পিতার নাম : | |
| (৩) মাতার নাম : | |
| (৪) জাতীয় পরিচয়পত্র নম্বর : | |
| (৫) বর্তমান ঠিকানা : | |
| (৬) স্থায়ী ঠিকানা : | |
| (৭) প্রেরণকারী/প্রত্যাশী সংস্থার নাম : | |

১০। নিশ্চিতকরণমূলক (Confirmatory) পরীক্ষার ফলাফল :

| **মাদকদ্রব্যের নাম** | **ফলাফল** |
|---|---|
| (১) অপিওয়েডস (Opioids): | |
| (২) মেথামফিটামিন (Methamphetamine): | |
| (৩) ক্যানাবিনওয়েডস (Cannabinoids): | |
| (৪) বেনজোডায়াজিপিন (Benzodiazepine): | |
| (৫) অ্যালকোহল (Alcohol): | |
| (৬) অন্যান্য (Others): | |

প্রাণ রসায়নবিদ (বা মেডিক্যাল প্রাণ রসায়নবিদ)/প্যাথোলজিস্ট

নামসহ সিল, স্বাক্ষর ও তারিখ

ল্যাবরেটরি টেকনিশিয়ান/ মেডিক্যাল টেকনোলজিস্ট/
সিনিয়র ল্যাবরেটরি টেকনিশিয়ান/সিনিয়র মেডিক্যাল টেকনোলজিস্ট

নামসহ সিল, স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুব আলম**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd